Department: Sanskrit

Semester: I I

Paper: SAN-H-CC- T-IV

Teacher: BIMAL RAKSHIT

Scanned with CamScanner

# কৃৎপ্রত্যয়

১। **ধাতোঃ** (৩।১।৯১) **কৃদতিঙ্** (৩।১।৯৩)—সমাপিকা ক্রিয়াবাচক তিঙ্-প্রত্যয়ভিন্ন সাক্ষাৎ (directly) ধাতুর উত্তর যে সকল প্রত্যয় হয় তাহাদিগকে 'কৃৎ' প্রত্যয় বলে। ভূ + যৎ = ভব্য, ভূ + ক্ত = ভূত ইত্যাদি।

২। **কর্তরি কৃৎ** (৩।৪।৬৭)—যে সকল স্থলে কর্মাদি বিশেষ বাচ্যের উল্লেখ না থাকে, সেই সকল ক্ষেত্রেই 'কৃৎ' প্রত্যয় কর্তৃবাচ্যে হয়—ইহাই সাধারণ বিধি। যথা—করোতি যঃ সঃ এই অর্থে কৃ + ণ্বুল্ = কারক অর্থাৎ যে করে = কর্তা।

৩। লঃ **কর্মণি চ ভাবে চাকর্মকেভ্যঃ** (৩।৪।৬৯) **তয়োরেব কৃত্য-ক্ত-খলর্থাঃ** (৩।৪।৭০)—ধাতুর উত্তর 'কৃত্য'-সংজ্ঞক প্রত্যয়গুলি ক্ত-প্রত্যয় ও খলর্থ অর্থাৎ কৃচ্ছ্র-অকৃচ্ছ্রার্থক প্রত্যয় কর্মবাচ্যে ও ভাববাচ্যে হইয়া থাকে। ত্বয়া (তব) পুস্তকং পঠনীয়ম্, তেন কর্ম কৃতম্, শিশুনা রুদিতম্, বালকেন হসিতম্, সুকরম্ ইদং ময়া (সু-কৃ খল্ = সুকর)।

## কৃত্য-প্রত্যয় (Potential Participles)

১। **কৃত্যাঃ** (৩।১।৯৫)—এখন কৃত্য-প্রত্যয় বিহিত হইতেছে। **তব্য, অনীয়, ণ্যৎ, যৎ** ও **ক্যপ্** এই পাঁচটি প্রত্যয়কে **কৃত্য-প্রত্যয়** বলে[১]। ভাষ্যমতে **কেলিমর্**-প্রত্যয়ও কৃত্য-প্রত্যয়ের অন্তর্গত। ইহাকে গণনা করিলে কৃত্য-প্রত্যয় ছয়টি। **ঔচিত্য, আদেশ, অনুজ্ঞা, যোগ্যতা** ও **ভবিষ্যৎ কাল** বুঝাইলে **কর্মবাচ্য** ও **ভাববাচ্যে** ধাতুর উত্তর কৃত্য-প্রত্যয় হয়। কর্মবাচ্যে ইহারা কর্মের বিশেষণ এবং ভাববাচ্যে ইহারা ক্লীবলিঙ্গ প্রথমার একবচনান্ত হয়। রূপ পুংলিঙ্গে নর, স্ত্রীলিঙ্গে লতা এবং ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায়। ইহারা সমাপিকা ক্রিয়ার কার্য করে। ইহাদের কর্তায় তৃতীয়া বা ষষ্ঠী বিভক্তি হয়। মনে রাখিতে হইবে, ইহারা সাধারণতঃ কর্তৃবাচ্যে হয় না।

---

(১) তব্যানীয়ৌ ণ্যদ্ যৎ ক্যপ্ পঞ্চৈতে কৃত্যসংজ্ঞকাঃ।
ভাবে কর্মণি চৈতে স্যু র্লক্ষ্যতেঽন্যত্র কুত্রচিৎ।।

Scanned with CamScanner

## (১) তব্য, (২) অনীয়র্

২। **তব্যত্তব্যানীয়রঃ** (৩।১।৯৬)—কর্মবাচ্যে ও ভাববাচ্যে যাবতীয় ধাতুর তব্য ও অনীয় প্রত্যয় হয়।[1] যথা, কর্মবাচ্যে—ময়া (বা মম) বেদঃ পঠনীয়ঃ—I should read the Vedas. ত্বয়া (বা তব) নক্ষত্রাণি দ্রষ্টব্যানি—You should see the stars, ভাববাচ্যে—তেন (বা তস্য) গন্তব্যম্—He should go ; যুষ্মাভিঃ (বা যুষ্মাকম্) ন হসনীয়ম্—You should not laugh.

*তব্য ও অনীয়-প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ*—আপ্—আপ্তব্য, আপনীয় ; অধি-ই—অধ্যেতব্য, অধ্যয়নীয় ; ঈক্ষ্—ঈক্ষিতব্য, ঈক্ষণীয় ; কৃ—কর্তব্য, করণীয় ; ক্রী—ক্রেতব্য, ক্রয়ণীয় ; গম্—গন্তব্য, গমনীয় ; গ্রহ্—গ্রহীতব্য, গ্রহণীয় ; জি—জেতব্য, জয়নীয় ; ত্যজ্—ত্যক্তব্য, ত্যজনীয় ; দহ্—দগ্ধব্য, দহনীয় ; দা—দাতব্য, দানীয় ; দৃশ্—দ্রষ্টব্য, দর্শনীয় ; নহ্—নদ্ধব্য, নহনীয় ; নী—নেতব্য, নয়নীয় ; পঠ্—পঠিতব্য, পঠনীয় ; প্রচ্ছ্—প্রষ্টব্য, প্রচ্ছনীয় ; বুধ্—বোদ্ধব্য, বোধনীয় ; ব্রূ—বক্তব্য, বচনীয় ; ভক্ষ্—ভক্ষিতব্য, ভক্ষণীয় ; ভিদ্—ভেত্তব্য, ভেদনীয় ; যজ্—যষ্টব্য, যজনীয় ; যাচ্—যাচিতব্য, যাচনীয় ; লভ্—লব্ধব্য, লভনীয় ; লিহ্—লেঢ়ব্য, লেহনীয় ; বহ্—বোঢ়ব্য, বহনীয় ; শী—শয়িতব্য, শয়নীয় ; শ্রু—শ্রোতব্য, শ্রবণীয় ; সহ্—সোঢ়ব্য, সহনীয় ; সৃজ্—স্রষ্টব্য, সর্জনীয়, স্পৃশ্—স্প্রষ্টব্য, স্পর্শনীয় ; স্মৃ—স্মর্তব্য, স্মরণীয় ; হন্—হন্তব্য, হননীয় ; হৃ—হর্তব্য, হরণীয়।

## (৩) যৎ

৩-৫। **অচো যৎ** (৩।১।৯৭), **পোরদুপধাৎ** (৩।১।৯৮), **শকিসহোশ্চ** (৩।১।৯৯)—কর্মবাচ্যে ও ভাববাচ্যে **স্বরান্ত** ধাতু, **প-বর্গান্ত** ধাতু, এবং **শক্** ও **সহ্**-ধাতুর উত্তর যৎ হয়। ৎ ইৎ, য থাকে। যৎ-প্রত্যয় হইলে ধাতুর অন্তস্থিত আ-কার স্থানে এ-কার হয় এবং ধাতুর ই-বর্ণ স্থানে এ এবং উ-বর্ণ স্থানে ও হয়। যথা, দা—দেয়, গৈ—গেয়, পা—পেয়, স্থা—স্থেয়, মা—মেয়, হা—হেয়, ধা—ধেয়, চি—চেয়, নী—নেয়, জি—জেয়, শ্রু—শ্রব্য,

---

(১) বস্-ধাতুর উত্তর কর্তৃবাচ্যে তব্য হয়। যথা, বসতীতি বাস্তব্যঃ (an inhabitant).

Scanned with CamScanner

ভূ—ভব্য, শপ্—শপ্য, রভ্—রভ্য, লভ্—লভ্য, গম্—গম্য, নম্—নম্য, রম্—রম্য, শক্—শক্য, সহ্—সহ্য, **হন্—বধ্য**।

জি—**জেয়** (জয়ের যোগ্য), **জয্য** (যাহাকে জয় করিতে পারা যায়), ক্রী—**ক্রেয়** (ক্রয়ের যোগ্য), **ক্রয্য** (যাহা ক্রয়ের জন্য আপণে প্রসারিত), ক্ষি—**ক্ষেয়** (ক্ষয় করার যোগ্য), **ক্ষয্য** (ক্ষেতুং শক্যম্, যাহা ক্ষয় করিতে পারা যায়)।

৬। **গদমদচরযমশ্চানুপসর্গে** (৩।১।১০০)—উপসর্গহীন **গদ্, মদ্, চর্ ও যম্** ধাতুর উত্তর যৎ হয়। যথা, গদ্—গদ্য, মদ্—মদ্য, চর্—চর্য, যম্—যম্য। উপসর্গ পূর্বে থাকিলে ণ্যৎ হয়। যথা, নি-গদ্—নিগাদ্য; প্রমাদ্য, বিচার্য, নিযাম্য। আ-পূর্বক চর্-ধাতুর উত্তর **গুরুভিন্ন অর্থে** যৎ হয়। যথা, আচর্যো নিয়মঃ, আচর্যো দেশঃ (গন্তব্যঃ)।

**কথং নিয়ম্যঃ, যত্নোপচর্যম্?** দুষ্প্রাপ্যশব্দবৎ **পশ্চাৎ** প্রাদিসমাসঃ, যৎ তু অনুপসর্গাদেব ; অথবা নিয়মে সাধুরিতি তদ্ধিতযৎপ্রত্যয়ঃ ; অথবা 'তেন ন তত্র ভবেদ্ বিনিয়ম্যম্' ইতি বার্তিকপ্রয়োগাৎ নিপূর্বাৎ যমেঃ যৎ স্যাদেব।

৭। **অবদ্য-পণ্য-বর্যা-গর্হ্যপণিতব্যানিরোধেষু** (৩।১।১০১)—নিন্দনীয় অর্থে অবদ্য, বিক্রয় অর্থে পণ্য এবং অনিরোধ (অব্যাহতপ্রবৃত্তি) অর্থে বর্য শব্দে যৎ প্রত্যয় নিপাতনে সিদ্ধ। যথা, নঞ্-বদ্ + যৎ = অবদ্যং পাপম্ (নিন্দনীয়ম্) ; অন্য অর্থে ক্যপ্ হয় ; যথা অনুদ্যম্ গুরুনাম, ন বক্তব্যমিত্যর্থঃ। পণ + যৎ = পণ্যম্ (বিক্রেয় দ্রব্যম্), অন্য অর্থে পাণ্যম্ স্তুত্যম্। বৃ + যৎ = বর্যঃ (শ্রেষ্ঠঃ) শতেন বর্যা কন্যা (বরণীয়েত্যর্থঃ) ; অন্য অর্থে ক্যপ্ হইয়া 'বৃত্যা' হয়।

৮। **বহ্যং করণম্** (৩।১।১০২)—করণবাচ্যে বহ্য নিপাতনে সিদ্ধ। যথা, উহ্যতে যেন তৎ—বহ্যং শকটম্ ; অন্যত্র বাহ্যঃ ভারঃ।

৯। **অর্যঃ স্বামিবৈশ্যয়োঃ** (৩।১।১০৩)—স্বামী (প্রভু) বা বৈশ্য অর্থে নিপাতনে সিদ্ধ। যথা, ঋ + যৎ = অর্যঃ (স্বামী বৈশ্যো বা)। অন্যত্র ণ্যৎ, আর্যঃ ব্রাহ্মণঃ (পূজ্যঃ প্রাপ্তব্যো বা)।

১০। **ভব্য-গেয়-প্রবচনীয়োপস্থানীয়-জন্যাপ্লাব্যাপাত্যা চ** (৩।৪।৬৮)—ভব্য-প্রভৃতি সাতটি শব্দ **কর্তৃবাচ্যে** কৃত্য-প্রত্যয়ে নিপাতনে সিদ্ধ। পক্ষে এই সকল ধাতুর ভাববাচ্যে এবং কর্মবাচ্যেও কৃত্যপ্রত্যয় হইয়া

Scanned with CamScanner

থাকে। যথা, ভবতীতি—ভব্যঃ (ভূ + যৎ), গায়তীতি—গেয়ঃ (গৈ + যৎ) গানকারী ; যথা, গেয়ঃ সাম্নাম্ অয়ম্। প্রবক্তীতি—প্রবচনীয়ঃ (প্র-বচ্ +অনীয়), কর্ম ক্রিয়াং প্রোক্তবন্ত ইতি কর্মপ্রবচনীয়াঃ। উপতিষ্ঠতে ইতি—উপস্থানীয়ঃ (উপ-স্থা+অনীয়), শিষ্যো গুরোঃ উপস্থানীয়ঃ (পূজাকর্তা)। জায়তে যঃ সঃ—জন্যঃ (জন্+যৎ)। আপ্লবতে যঃ সঃ—আপ্লাব্যঃ (স্নানকর্তা) আ-প্লু+ণ্যৎ। আপততি যঃ সঃ—আপাত্যঃ (আ-পত্ + ণ্যৎ) আকস্মিক ইত্যর্থঃ।

## (৪) ণ্যৎ

**১১। ঋহলোর্ণ্যৎ** (৩।১।১২৪)—কর্মবাচ্যে ও ভাববাচ্যে **ঋ-কারান্ত ও ব্যঞ্জনান্ত** ধাতুর উত্তর ণ্যৎ হয়। ণ্ ৎ ইৎ, য থাকে*। যথা, কুসঙ্গঃ সর্বৈঃ (বা সর্বেষাম্) পরিত্যাজ্যঃ—An evil company should be avoided by all. ময়া এতৎ কার্যম্—I should do it.

*ণ্যৎ-প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ* :—কৃ—কার্য, ধৃ—ধার্য, হৃ—হার্য, স্মৃ—স্মার্য, বচ্—বাচ্য, সিচ্—সেচ্য, ত্যজ্—ত্যাজ্য, যজ্—যাজ্য, যুজ্—যোজ্য, ভজ্—ভাজ্য, বুধ্—বোধ্য, ছিদ্—ছেদ্য, বিদ্—বেদ্য, ভিদ্—ভেদ্য, মন্—মান্য, পূজ্—পূজ্য, ভক্ষ্—ভক্ষ্য, হস্—হাস্য, নিন্দ্—নিন্দ্য, হন্—ঘাত্য।

**Note.** ভুজ্+ণ্যৎ=**ভোজ্যম্**(১) (what ought to be eaten) **ভোগ্যম্** (what should be enjoyed or protected) ;

বচ্+ণ্যৎ=**বাচ্যম্**(২) (what ought to be spoken out), **বাক্যম্** (a sentence) ;

প্র-যুজ্+ণ্যৎ=**প্রযোজ্যঃ**(৩)(প্রয়োক্তুং শক্যঃ), **প্রয়োগ্যঃ** (প্রয়োক্তুং যোগ্যঃ);

নি-যুজ্+ণ্যৎ=**নিযোজ্য**(৩)(a servant), **নিয়োগ্য** (a lord or master) ;

আ-চর্-ণ্যৎ—**আচার্য** (a preceptor) ; আ-চর্ + যৎ—**আচর্য**(৪) (to be observed) ;

---

* ণ ইৎ হইলে ধাতুর অন্ত্যস্বর ও উপধা অ-কারের বৃদ্ধি হয় এবং উপধাস্থিত অ-ভিন্ন লঘুস্বরের গুণ হয়।

(১) ভোজ্যং ভক্ষ্যে (৭।৩।৬৯), (২) বচোঽশব্দসংজ্ঞায়াম্ (৭।৩।৬৭), (৩) প্রযোজ্যনিযোজ্যৌ শক্যার্থে (৭।৩।৬৮), (৪) চরেরাঙি চাগুরৌ (বা)

অমা-বস্ + ণ্যৎ স্ত্রিয়ামাপ্ = অমাবাস্যা[১] (অমা সহ বসতঃ চন্দ্রার্কৌ অত্র অধিকরণে ণ্যৎ) পক্ষে **অমাবস্যাদন্যতরস্যাম্** ইতি বৃদ্ধ্যভাবো নিপাত্যতে— অমাবস্যা।

**১২। ণ্য আবশ্যকে** (৭।৩।৬৫)—'অবশ্য করিতে হইবে' এইরূপ অর্থে ণ্যৎ প্রত্যয়ে চ-বর্গস্থানে ক-বর্গ হয় না। যথা, অবশ্যং পাচ্যম্, অবশ্যং যোজ্যম্, অবশ্যং ভাজ্যম্। অন্যত্র ঔচিত্যাদ্যর্থে—পাক্যম্, যোগ্যম্ ইত্যাদি।

ণ্যৎ-প্রত্যয়ে যজ্, যাচ্, রুচ্, ঋচ্ ও ত্যজ্ ধাতুর চ-বর্গস্থানে ক-বর্গ হয় না। যথা, যাজ্যম্, যাচ্যম্, রোচ্যম্, অর্চ্যম্ (অস্মাদেব বচনাৎ ঋচ্ ধাতো র্ণ্যৎ, ন তু ক্যপ্), ত্যাজ্যম্।

**১৩। ওরাবশ্যকে** (৩।১।১২৫)—অবশ্য করিতে হইবে, এইরূপ অর্থে উ-বর্ণান্ত ধাতুর উত্তর ণ্যৎ হয়। যথা, অবশ্যং ভাব্যম্, অবশ্যং স্তাব্যম্। অন্যত্র ভব্যম্ (যৎ), স্তুত্যঃ (ক্যপ্)।

## (৫) ক্যপ্

**১৪-১৭। এতি স্তু-শাস্-বৃ-দৃ-জুষঃ ক্যপ্** (৩।১।১০৯), **ঈ চ খনঃ** (৩।১।১১১), **হনস্ত চ** (৩।১।১০৮), **ভুবো ভাবে** (৩।১।১০৭)—কর্মবাচ্যে ও ভাববাচ্যে **ই, স্তু, শাস্, বৃ, দৃ, জুষ্,** খন্ প্রভৃতি ধাতুর উত্তর ক্যপ্ হয়। ক্ প্ ইৎ, য থাকে[২]। যথা, ই—ইত্য, স্তু—স্তুত্য, শাস্—শিষ্য, দৃ—দৃত্য, বৃ—বৃত্য, জুষ্—জুষ্য, খন্—খেয়। ভ্রাতৃ-হন্ + ক্যপ্ = ভ্রাতৃহত্যা, এইরূপ—ব্রহ্মহত্যা, গোহত্যা, পিতৃহত্যা। ব্রহ্মন্-ভূ +ক্যপ্ = ব্রহ্মভূয় (ব্রহ্মণো ভাবঃ) ; দেব-ভূ + ক্যপ্ = দেবভূয় (দেবস্য ভাবঃ)।

**১৮। ঋদুপধাচ্চ** (৩।১।১১০)—উপধায় ঋ-কারান্ত ধাতুর উত্তর ক্যপ্ হয়। যথা, বৃ—বৃত্য, স্পৃশ্—স্পৃশ্য, কৃষ্—কৃষ্য, বৃধ্—বৃধ্য, মৃজ্—মৃজ্য, পক্ষে ণ্যৎ (মার্জ্য) ; কৃ—কৃত্য, পক্ষে ণ্যৎ (কার্য) ; শংস্—শস্য, পক্ষে ণ্যৎ (শংস্য) ; দুহ্—দুহ্য, পক্ষে ণ্যৎ (দোহ্য) ; গুহ্—গুহ্য, পক্ষে ণ্যৎ (গোহ্য)।

(১) **ঋ হলোর্ণ্যৎ** (৩।১।১২৪), **অমাবস্যাদন্যতরস্যাম্** (৩।১।১২২)।

(২) প্ ইৎ গেলে হ্রস্বস্বরান্ত প্রকৃতির উত্তর তকারাগম হয়। যথা, ভৃ+ক্যপ্=ভৃত্য। **হ্রস্বস্য পিতি কৃতি তুক্** (৬।১।৭১)।

২৩। **কেলিমর উপসংখ্যানম্** (বা)—তব্য ও অনীয়ের ন্যায় কেলিমর্ প্রত্যয়ও কর্মবাচ্যে ধাতুর উত্তর হইয়া থাকে।[১] যথা, পচেলিমাঃ মাষাঃ (পক্তব্যা ইত্যর্থঃ) ; ভিদেলিমাঃ সরলাঃ (ভেত্তব্যা ইত্যর্থঃ); বৃত্তিকারস্তু কর্মকর্তরি চায়মিষ্যত ইত্যাহ, তদ্ভাষ্যবিরুদ্ধম্ ইতি দীক্ষিতপাদাঃ। কিন্তু সাহিত্যে **কর্ম-কর্তৃবাচ্যেই** ইহার প্রয়োগ দৃষ্ট হয়। যথা, দদর্শ মালূরফলং পচেলিমম্ ইতি নৈষধে।

Scanned with CamScanner